



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.০৩৮.১৯.৫২৮

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭

১০ আগস্ট ২০২০

বিষয়: ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন বিশেষ কার্যক্রম এর আওতায় অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র: তাঁর কার্যালয়ের স্মারক নং-২০৪৬ তারিখ-০৬/০৮/২০২০ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন প্রাতিষ্ঠানিক কোড নং-১৪৮০২০১ এবং অপারেশন কোড নং-১২০০০২৬০৬ এর নিম্নোক্ত অর্থনৈতিক কোড নং ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২০-২০২১ অর্থ বৎসরের জন্য নির্দেশক্রমে আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ দ্বারা গত অর্থ বছরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধ করা যেতে পারে:

- ১। কোড নং-৩২৫৪১০৫-খাদ্য পরিবহন ব্যয় = ৭০,০০,০০০/- (সত্তর লাখ) টাকা
- ২। কোড নং-৩২৫৪১০৬-খাদ্য খালাস ব্যয় = ২০,০০,০০০/- (বিশ লাখ) টাকা
- ৩। কোড নং-৩২২১১১০-কমিশন = ১০,০০,০০০/- (দশ লাখ) টাকা

বরাদ্দকৃত অর্থ সরকারি প্রচলিত আর্থিক বিধি বিধান অনুসরণ পূর্বক ব্যয় নির্বাহের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। প্রতি মাসের প্রকৃত ব্যয়ের হিসাব পরবর্তী মাসের ১০ (দশ) তারিখের মধ্যে সংশ্লিষ্ট হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রতিস্থাপন করতঃ অবশ্যই প্রেরণ করতে হবে।

উল্লেখ্য যে, কমিশন খাতে অর্থ বরাদ্দের চাহিদার বিপরীতে পরিমাণ ও দর উল্লেখপূর্বক ভবিষ্যতে চাহিদাপত্র প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাক্ষর

১০-৮-২০২০

মাহফুজা খাতুন

সহকারী উপ-পরিচালক


জেলা খাদ্য নিয়ন্ত্রক
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.৩২.০৩৮.১৯.৫২৮/১

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৭
১০ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। বরাদ্দ পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩) জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া।



১০-৮-২০২০
মাহফুজা খাতুন
সহকারী উপ-পরিচালক